

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং- উমাশিঅ/রা,হাট/ওয়েব প্রোটাল-৩৩৬/২০১৯/ ৪২৭


তারিখ ঃ ০১/১২/২০১৯খ্রি।

বিষয় ঃ ওয়েব প্রোটাল তৈরীর লক্ষ্যে অত্র কার্যালয়ের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজারহাট উপজেলার ওয়েব পোটাল তৈরীর লক্ষ্যে অত্র দপ্তর কর্তৃক সম্পাদিত কার্যাবলীর তথ্য নিম্নে উল্লেখ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার বরাবরে প্রেরণ করা হলো।

- ০১। ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত হত দরিদ্র ছাত্র-ছাত্রীর মাঝে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন।
- ০২। একাদশ ও দ্বাদশ শ্রেণির হত দরিদ্র ছাত্র-ছাত্রীর মাঝে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন।
- ০৩। স্নাতক ( পাস) সমমান পর্যায়ের হত দরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন।
- ০৪। ২০১০ সাল থেকে (ইবতেদায়ী, দাখিল, মাধ্যমিক ও এসএসসি ভোকেশনাল) পর্যায়ের বিনা মূল্যের সরকারী পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে বিতরণ কার্যক্রম বাস্তবায়ন।
- ০৫। প্রতিবছর শীতকালীন ও গ্রীষ্মকালীন খেলাধুলা পরিচালনা।
- ০৬। প্রতি বছর শিক্ষা সপ্তাহ পরিচালনা।
- ০৭। প্রতিবছর সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার বাস্তবায়ন।
- ০৮। শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম বাস্তবায়ন।
- ০৯। প্রতিবছর সকল শিক্ষা প্রতিষ্ঠানে আইএমএস ও ব্যানবেইস তথ্য হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করা হয়।
- ১০। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিআইএ তথ্য হালনাগাদ নিশ্চিত করা।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষকবৃন্দকে শিক্ষক বাতায়নের সদস্য হওয়ার বিষয়টি নিশ্চিত করা।
- ১২। প্রতিবছর শিক্ষকদের মাঝে সেসিপ কর্তৃক প্রদত্ত শিক্ষক ডায়েরী বিতরণ করা হয়।
- ১৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতার মাধ্যমে শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়।
- ১৪। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা।
- ১৫। ০৩ বিদ্যালয় ও ০১টি কলেজে সরকার প্রদত্ত শেখ রাসেল ডিজিটাল ল্যাবেব কার্যক্রম তদারকি করা হয়।
- ১৬। যে কোন সময় সরকার কর্তৃক নির্দেশিত দায়িত্ব যথাযথ ভাবে বাস্তবায়ন করা।
- ১৭। শিক্ষা প্রতিষ্ঠানে ও উপজেলা পর্যায়ে বিজয় ফুল উৎসব বাস্তবায়ন।
- ১৮। বিদ্যালয় পর্যায়ে সকল বিদ্যালয়ের ৭ম শ্রেণির শিক্ষার্থীদের মাধ্যমে “ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি ” বিষয়ক বিভিন্ন কর্মসূচীর বাস্তবায়ন।

ইহা ছাড়াও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সকল কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করা।

  
০১-১২-১৯  
মোঃ আশরাফ-উজ-জামান সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
রাজারহাট, কুড়িগ্রাম।